



আদালত অবমাননার অভিযোগে নিঃশর্ত ক্ষমা চেয়ে অব্যাহতি পেলেন ফজলুর রহমান



সংগৃহীত ছবি

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিরুদ্ধে দেওয়া বিতর্কিত মন্তব্যের কারণে আদালত অবমাননার অভিযোগে নিপীড়িত বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা ও সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ফজলুর রহমানকে আজ (৮ ডিসেম্বর) নিঃশর্ত ক্ষমা চাওয়ার পর ট্রাইব্যুনাল অব্যাহতি দিয়েছে।

ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের প্যানেল এ আদেশ দেন। ফজলুর রহমান এদিন বেলা ১১টার পর আইনজীবীদের সঙ্গে ট্রাইব্যুনালে উপস্থিত হন। তার সঙ্গে ছিলেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী জয়নুল আবেদীন, ব্যারিস্টার কায়সার কামাল, ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজলসহ আরও কয়েকজন সিনিয়র আইনজীবী।

ফজলুর রহমান আদালতে বলেন, “টক শো’তে যা বলেছি, তা ছিল স্লিপ অব দ্য টাং। আল্লাহর পরে আমি আদালতকে সর্বোচ্চ সম্মান দেই। আমি নিঃশর্ত ক্ষমা চাই।” এই বক্তব্যের পর ট্রাইব্যুনাল তাকে আদালত অবমাননার অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করে।